ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩১৭৫

আগরতলা, ১০ অক্টোবর,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

গত ৬ আগস্ট, ২০২৫ তারিখে আজকের ফরিয়াদ পত্রিকায় ‘গৃহবধূর উপর হামলা, অভিযুক্ত পলাতক’ শিরোনামে প্রকাশিত সংবাদটি আরক্ষা দপ্তরের নজরে এসেছে। এ বিষয়ে উত্তর ত্রিপুরা পুলিশ সুপারের রিপোর্টের ভিত্তিতে এ.আই.জি.পি. (ল অ্যান্ড অর্ডার) এক স্পষ্টিকরণে জানিয়েছেন যে, গত ৬ আগস্ট উত্তর ত্রিপুরা জেলার সোনারুবাসার বাসিন্দা মোহম্মদ সালাউদ্দিনের বিরুদ্ধে সুমিতা ইয়াসমিন ধর্মনগর মহিলা থানায় একটি এফ.আই.আর. দায়ের করেন। মামলার তদন্তের সময় অভিযোগকারী এবং সাক্ষীদের জিজ্ঞাসাবাদ করা হয় এবং এফ.আই.আর.-এ অভিযুক্ত মোহম্মদ সালাউদ্দিনকে গ্রেপ্তার করা হয়। বর্তমানে মামলার তদন্ত চলছে।

*****